

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

শেরে বাংলা নগর, ঢাকা।


প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৯ জানুয়ারি, ২০১৮ তারিখ ;বিকাল ৩.৩০ ঘটিকায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগে ২৪৫.০০ মিলিয়ন ইউ.এস.ডলার সম্বলিত একটি ঋণ চুক্তি বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (IDA)-এর মধ্যে স্বাক্ষরিত হয়েছে। এ ঋণের অর্থ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন Safety Net Systems for the Poorest (SNSP) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যবহৃত হবে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের কান্ট্রি ডাইরেক্টর Mr. Qimiao Fan ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

Safety Net Systems for the Poorest (SNSP) শীর্ষক প্রকল্পটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীনস্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত ছিল। পরবর্তীতে টিএপিপি সংশোধনের মাধ্যমে প্রকল্প এবং ঋণচুক্তির মেয়াদ ৩০ জুন, ২০১৯ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। দারিদ্র দূরীকরণে সরকার বিভিন্ন ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সরকারের বড় সামাজিক নিরাপত্তা কর্মসূচির মধ্যে ৫টি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এ সকল কর্মসূচিসমূহ হল অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি), কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা), টেন্ট রিলিফ (টিআর), গ্রান্ট রিলিফ (জিআর) এবং ভিজিএফ। বর্গিত কর্মসূচিসমূহ বাস্তবায়নে এলাকা নির্বাচন, সুফলভোগী নির্বাচন, অপচয়রোধ, পরিচালনা ইত্যাদি ক্ষেত্রে বহুবিধ চ্যালেঞ্জ রয়েছে। এ প্রেক্ষিতে এসব কর্মসূচি বাস্তবায়নের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের সহযোগিতায় Safety Net Systems for the Poorest (SNSP) প্রকল্পটি গ্রহন করা হয়েছে।

প্রকল্পের প্রধানতঃ তিনটি কম্পোনেন্ট রয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রকল্পের কম্পোনেন্ট-১ [Support to Ministry of Disaster Management and Relief (MoDMR) Safety Net Program] ও কম্পোনেন্ট-২ (Strengthening of MoDMR Program Administration) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীনস্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর আওতায় প্রকল্পের কম্পোনেন্ট-৩ (Development of the National Household Database) বাস্তবায়িত হচ্ছে।

এ প্রকল্প বাস্তবায়নের জন্য আইডিএ প্রদত্ত ২৪৫.০০ মিলিয়ন ইউ.এস.ডলার ০৬ বছরের প্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধযোগ্য এবং এ ক্ষেত্রে উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫ % হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে এবং অনুত্তোলিত অর্থের উপর বার্ষিক অনধিক ০.৫০% কমিটমেন্ট চার্জ প্রদেয় হবে। উল্লেখ্য, কমিটমেন্ট চার্জ বর্তমানে প্রদান করতে হচ্ছে না।


কর্তৃত্বময় শেখম
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শেরে বাংলা নগর, ঢাকা